

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১৭৩

খোয়াই, ১২ ডিসেম্বর, ২০২৩

চেবরি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নবনির্মিত পাকা ভবনের উদ্বোধন

রাজ্যে স্বাস্থ্য পরিষেবার মান উন্নয়নে সরকার অগ্রাধিকার দিয়েছে : মুখ্যমন্ত্রী

রাজ্যে স্বাস্থ্য পরিষেবার মান উন্নয়নে সরকার অগ্রাধিকার দিয়েছে। স্বাস্থ্য পরিষেবার মান উন্নয়ন সহ রাজ্যে উন্নত স্বাস্থ্য পরিকাঠামো গড়ে তোলার উপরও গুরুত্ব দেওয়া হয়েছে। তাছাড়াও রাজ্যের প্রান্তিক জনপদগুলিতে উন্নত স্বাস্থ্য পরিষেবার সম্প্রসারণেও সরকার অগ্রাধিকার দিয়ে কাজ করছে। আজ খোয়াইয়ে চেবরি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নবনির্মিত পাকা ভবন ও কোয়ার্টার কমপ্লেক্সের আনুষ্ঠানিক উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, স্বাস্থ্য পরিষেবার উন্নয়নে জিবিপি হাসপাতালে ১১টি সুপার স্পেশালিটি পরিষেবা চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে। ইতিমধ্যে ৭টি সুপার স্পেশালিটি বিভাগ চালু হয়েছে। উল্লেখ্য, ১০ শয্যা বিশিষ্ট চেবরি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটির পাকা ভবন নির্মাণে ব্যয় হয়েছে ৪ কোটি ৬৫ লক্ষ ২৮ হাজার টাকা।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, খোয়াই জেলায় স্বাস্থ্য পরিষেবার পরিকাঠামো উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। চেবরি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের পাকা ভবন এই পদক্ষেপেরই অঙ্গ। তিনি বলেন, আগে মানুষ উন্নত চিকিৎসার জন্য বহিরাঙ্গ্যে যেতেন। বর্তমানে রাজ্যেই বিভিন্ন জটিল রোগের চিকিৎসার সুযোগ রয়েছে। রাজ্য থেকে রোগী রেফারের সংখ্যাও অনেক কমেছে। ইতিমধ্যেই রাজ্যে ডেন্টাল কলেজ চালু হয়েছে। আইজিএম হাসপাতালের পরিকাঠামো আরও সম্প্রসারণ করা হচ্ছে। জিবিপি হাসপাতালে শয্যা সংখ্যা প্রায় দ্বিগুণ করা হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন, বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধা সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, বিধানসভার ট্রেজারি বেঞ্চার মুখ্য সচিব কল্যাণী সাহা রায়, খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা, খোয়াই জেলার জেলাশাসক চাঁদনি চন্দ্রন প্রমুখ।
